

WE ARE YOUR DOL



Department  
of Labor

## আমার UI যোগ্যতা বজায় রাখা প্রতি সপ্তাহে তিনটি সহজ ধাপের মাধ্যমে

আপনার UI সুবিধা পেমেন্ট পাওয়া চালিয়ে যেতে এই দ্রুত চোখ বুলিয়ে নেওয়ার রেফারেন্স গাইড ব্যবহার করুন, এটা আপনাকে মনে রাখতে সাহায্য করবে প্রতি সপ্তাহে আপনার কী কী করণীয় রয়েছে।

### 1. কাজ খুঁজুন

**মনে রাখবেন:** UI সুবিধা পাওয়ার জন্য আপনাকে অবশ্যই স্টেটের কাজ অনুসন্ধানের প্রয়োজনীয়তা পূরণ করতে হবে, যেমন নিয়োগকর্তার কাছে কর্মসংস্থানের আবেদন পূরণ করে জমা দেওয়া।

#### পরিকল্পনা করে রাখুন এবং লক্ষ্য স্থির করুন

প্রতি সপ্তাহে এমন কিছু কার্যকরী কাজ অনুসন্ধানের কার্যকলাপ শনাক্ত করে রাখুন, যেগুলিতে আপনার কাজ পাওয়ার সম্ভাবনা বেশি।

#### পরিকল্পনা বাস্তবায়িত করুন

- অন্তত 3টি কাজ অনুসন্ধান কার্যক্রম সম্পূর্ণ করুন
- কাজে নিযুক্ত হওয়ার জন্য প্রস্তুত ও সক্ষম থাকুন
- [unemployment.labor.ny.gov/en-US/login](https://unemployment.labor.ny.gov/en-US/login) -এ রেজিস্টার করুন এবং সক্রিয়ভাবে আমাদের জবম্যাচিং ওয়েবসাইট ব্যবহার করুন।

#### নিজের প্রয়াসের প্রমাণ রাখুন

আপনার কাজ খোঁজার প্রয়াসের রেকর্ড রাখুন। "কী, কখন, কোথায় এবং কার সাথে" -এর মতো বিষয়গুলি অবশ্যই নথিভুক্ত করে রাখবেন এবং তার পাশাপাশি প্রতিটি কার্যকলাপের ফলাফলও রেকর্ড করতে ভুলবেন না।

### 2. সাপ্তাহিক দাবির প্রত্যয়ন সম্পূর্ণ করুন

**মনে রাখবেন:** আপনি যদি শেষ তারিখের মধ্যে আগের সপ্তাহের দাবি জমা না দেন, তাহলে আপনার সুবিধার পেমেন্ট পেতে দেরি হতে পারে বা সেই সপ্তাহের দাবি প্রত্যাখ্যাত হতে পারে!

#### আপনার সাপ্তাহিক দাবি কখন দাখিল করবেন

গত সপ্তাহের কার্যক্রম, অর্থাৎ সোমবার থেকে রবিবার পর্যন্ত করা কার্যক্রমের দাবি আপনাকে অবশ্যই শনিবার মাঝরাতের আগেই দায়ের করতে হবে।

#### আপনার সাপ্তাহিক দাবি কীভাবে দাখিল করবেন

- **অনলাইনে:** দ্রুততম পরিষেবার জন্য এখানে আবেদন করুন [unemployment.labor.ny.gov/en-US/login](https://unemployment.labor.ny.gov/en-US/login)
- **ফোন:** (888)581-5812

### 3. যাবতীয় কাজের রিপোর্ট করুন

#### কোন কাজ রিপোর্ট করবেন

UI সুবিধা দায়ের করার সময় প্রত্যেক সপ্তাহে আপনি কত সময় কাজ করেছেন সেটা আপনাকে অবশ্যই জানাতে হবে, এর মধ্যে আংশিক বা অস্থায়ী কাজও অন্তর্ভুক্ত রয়েছে।

#### কখন কাজ রিপোর্ট করবেন

আপনি যে সপ্তাহে কাজ করেছেন, অর্থাৎ সোমবার থেকে রবিবার পর্যন্ত আপনার কাজ করার সময়কাল রিপোর্ট করুন, যে সপ্তাহের পেমেন্ট পেয়েছেন তার কাজের সময় রিপোর্ট করবেন না।

#### মোট আয় কীভাবে গণনা করবেন

যত ঘন্টা কাজ করেছেন X ঘন্টা পিছু পেমেন্টের হার = সর্বমোট আয়

যদি দেখেন আপনি সাপ্তাহিক দাবিতে কিছু ভুল করেছেন, তাহলে অবিলম্বে NYSDOL-এ যোগাযোগ করুন



UI দাবিদারদের সুবিধা প্রক্রিয়া নির্দেশিকা দেখুন